বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিস/বিভাগের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

১। ৳: ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"ক্রাফ্ট ইন্সট্রাক্টর"** উপদেশ, প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর (ডিএইআরএস)-এর অধীনে ওয়েল্ডিং, শীটমেটাল, ফাউন্ড্রি এন্ড প্যাটার্ন শপের ২টি এবং কার্পেন্ট্রি শপের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বি.এস.সি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। ***অথবা*** এইচ.এস.সি বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ট্রেড কোর্সসহ ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিটারে CAD/CAM জানা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।

২। ৳: ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"টুলরুম ইনচার্জ"** উপদেশ, প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর (ডিএইআরএস)-এর অধীনে ফাউন্ড্রি এন্ড প্যাটার্ণ, ওয়েল্ডিং এন্ড শীট মেটাল শপের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বি.এস.সি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। ***অথবা*** এইচ.এস.সি ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট লাইনে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৩। ৳: ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"সহকারী হিসাব রক্ষক"** (ক) ব্যুরো অব রিসার্স, টেস্টিং এন্ড কনসালটেশন (বিআরটিসি) অফিসের ১টি স্থায়ী পদ এবং (খ) অডিট অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৪। ৳: ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"উচ্চমান সহকারী"** (ক) রেজিস্ট্রার অফিসের ১টি স্থায়ী পদ এবং (খ) তিতুমীর হলের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৫। ৳: ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"পি.এ."** উপদেশ, প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর (ডিএইআরএস)-এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ সর্টহ্যান্ড-এ বাংলায় ৫০ এবং ইংরেজীতে ৮০ শব্দ এবং কম্পিউটার কম্পোজ-এ বাংলায় ৩০টি ও ইংরেজীতে ৪৫টি শব্দ এর গতি সম্পন্ন এবং ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে। গোপনীয়ভাবে অফিসের কাজকর্ম করার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা যাইতে পারে।

৬। ৳: ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"ডাটা এন্ট্রি অপারেটর"** গণিত বিভাগের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে স্নাতক ডিগ্রীসহ প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৭। ৳: ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **"এলডিএ কাম-কম্পিউটার অপারেটর"** (ক) রেজিস্ট্রার অফিসের ১টি স্থায়ী পদ এবং (খ) কম্পট্রোলার অফিসের ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি সমমানের পরীক্ষায় পাশসহ কমপক্ষে প্রতি মিনিটে বাংলা ২৫টি ও ইংরেজীতে ৩৫টি শব্দ কম্পিউটারে কম্পোজ করার দক্ষতা সম্পন্ন হইতে হইবে। কম্পিউটারে MS Word, MS Excel এবং Power Point-এ দক্ষতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

৮। ৳: ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **"শপ এটেনডেন্ট"** উপদেশ, প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর (ডিএইআরএস)-এর অধীনে ওয়েল্ডিং, শীটমেটাল, ফাউন্ড্রি এন্ড প্যাটার্ন শপের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় পাশ সহ সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৯। ৳: ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **"ল্যাব: এটেনডেন্ট"** (ক) গণিত বিভাগের ২টি স্থায়ী পদ, (খ) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ১টি স্থায়ী পদ এবং (গ) পুরকৌশল বিভাগের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় পাশ এবং সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সসহ ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১০। ৳: ৮৮০০-২১৩১০/- বেতন স্কেলে **"প্রেসম্যান"** রেজিস্ট্রার অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি. পাশসহ ফিটার হিসাবে কমপক্ষে ২(দুই) বৎসরের কাজের অভিজ্ঞতা এবং ফটোকপি/সাইক্লোস্টাইল মেশিন চালানো ও মেরামত করার সামর্থ সম্পন্ন হইতে হইবে।

১১। ৳: ৮৮০০-২১৩১০/- বেতন স্কেলে **"ডেসপাচ রাইডার"** রেজিস্ট্রার অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে ২(দুই) বৎসরের অভিজ্ঞতাসহ এস.এস.সি পাশ এবং বিশ্বস্ততার সাথে শক্ত কাজ করার সামর্থ সম্পন্ন হইতে হইবে।

১২। ৳: ৮৫০০-২০৫৭০/- বেতন স্কেলে **"লাইব্রেরী এটেনডেন্ট"** ইনষ্টিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজী (আই.এ.টি.)-এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পাশসহ লাইব্রেরীর কাজে কমপক্ষে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১৩। ৳: ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **"এমএলএসএস"** (ক) রেজিস্ট্রার অফিসের ১টি স্থায়ী পদ এবং (খ) যন্ত্রকৌশল বিভাগের ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/ সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১৪। ৳: ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **"মালী"** (ক) সোহরাওয়ার্দী হলের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১৫। ৳: ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **'পরিচ্ছন্নতা কর্মী"** (ক) ছাত্রকল্যণ পরিদপ্তরের অধীন মেডিক্যাল সেন্টার-এর ১টি স্থায়ী পদ এবং (খ) আহসান উল্লাহ হলের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

বি:দ্রঃ ক্রমিক নং ১ হইতে ১২ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে প্রার্থীর শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/ শ্রেণী গ্রহণযোগ্য নয়। ''অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/ শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যাহারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হইয়াছেন এবং ডিগ্রী অর্জন করিয়াছেন তাহাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হইবে না।"

আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ২০/০১/২০২১

সকল পদের জন্য প্রযোজ্য ঃ

বাংলায় নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, অভিজ্ঞতা, জন্ম তারিখ ও মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখ পূর্বক ভোটার আইডি কার্ড/ জন্ম নিবন্ধন সনদসহ সকল প্রকার সনদপত্রের সত্যায়িত কপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবিসহ কম্পিউটারে মুদ্রিত দরখাস্ত রেজিস্ট্রার -এর বরাবরে পৌঁছাইতে হইবে। প্রার্থীত পদের নাম, অফিস/ বিভাগের নাম আবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

কম্পট্রোলার, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে প্রতিটি পদে ১ নং পদ হইতে ৯ নং ক্রমিকের পদের জন্য ৩০০/- (তিনশত) টাকার এবং ১০ হইতে ১৫ নং ক্রমিকের পদের জন্য ১৫০/-(একশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/ পেঅর্ডার (ঢাকা মহানগরীর যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পট্রোলার অফিসের সাথে যোগাযোগ করিয়া হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক, বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক রশিদের অংশ দরখাস্তের সহিত জমা দিতে হইবে। পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/ বাতিল/ পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। বিস্তারিত তথ্যের জন্য বুয়েট ওয়েব সাইটে (www.buet.ac.bd/regoffice) দেখা যাইতে পারে অথবা বুয়েটের নোটিশ বোর্ডে খোঁজ নেওয়া যাইতে পারে।

Juddin 23/12/2020

(অধ্যাপক ডঃ মোঃ ফোরকান উদ্দিন)
রেজিস্ট্রার (অঃ দাঃ)
তারিখ ঃ ২৩ ডিসেম্বর-২০২০

নং সংস্থা/অ-৫/ রে- ২২৪২(১০০)

বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)ঃ

১। ডীন, সকল অনুষদ, বা: প্র: বি:,ঢাকা।
২। সকল বিভাগীয় প্রধান/পরিচালক/অফিস প্রধান/হল প্রভোস্ট, বা: প্র: বি:,ঢাকা।।
৩। পরিচালক, আইআইসিটি, বা: প্র: বি:,ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে দেওয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪। সিস্টেম এনালিস্ট, রেজিস্ট্রার অফিস- সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তি বুয়েট -এর ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য।
৫। পি.এস.টু. ভি.সি., বা:প্র:বি:, ঢাকা- ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬। পি.এস.টু.প্রো- ভি.সি., বা:প্র:বি:, ঢাকা- প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭। গার্ড ফাইল।